গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও বাজেট অধিশাখা
www.bfid.gov.bd

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার তারিখ : ২৯ জানুয়ারি ২০১৬
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-”ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২। সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম গঠন, উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে প্রশিক্ষণ, ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, প্রনোদনা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | সুপারিশ/সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন অনুমোদন করা হলো। প্রতিবেদনটি এ বিভাগের ওয়েবসাইটের ইনোভেশন কর্নারে প্রদর্শন করতে হবে। | উপসচিব (বাজেট) ও ইনোভেশন টিমের সদস্যগণ |
| ২ | কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসম্পাদন করতে হবে:<br>ক) প্রতিটি কক্ষের সামনে ও করিডোরে স্বল্প আলোতে বেচে থাকে এ ধরনের গাছসহ টব স্থাপন ও নিয়মিত পরিচর্যার নিমিত্ত কক্ষে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারিদের দায়িত্ব প্রদান করা;<br>খ) এ বিভাগের সেবা গ্রহীতাদের সুবিধার্থে প্রতিটি কক্ষের সামনে দৃশ্যমান কক্ষ নম্বর স্থাপন করা;<br>গ) বিভাগের প্রবেশমুখে কোন কক্ষে কি কাজ সম্পাদন হয় তার সংক্ষিপ্ত বিবরণ সম্বলিত একটি বোর্ড স্থাপন করা;<br>ঘ) অফিস কক্ষে প্রয়োজনীয় ক্ষেত্রে মানসম্মত অফিস সরঞ্জাম, পর্দা ও আসবাবপত্র ইত্যাদি সরবরাহ। | সি. সহসচিব ., গ্রহণ , বিতরণ ও সেবা শাখা বিএফআইডি |
| ৩ | অভিযোগ মতামত ও ,আইডিয়া গ্রহণ এবং বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসম্পাদন করতে হবে:<br>ক) বিভাগের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও স্টেকহোল্ডারদের নিকট হতে অভিযোগ মতামত ও ,আইডিয়া গ্রহণের উদ্দেশ্যে এ বিভাগের দৃশ্যমান স্থানে টেন্ডার বক্সের অনুরুপ একটি বক্স স্থাপন;<br>খ) অনলাইনে অভিযোগমতামত ও , আইডিয়া প্রদান করার জন্য বিদ্যমান অনলাইন প্লাটফরমটিকে user friendly ও উন্নতকরণ;<br>গ) প্রতিমাসের ইনোভেশন টিমের সভায় প্রাপ্ত অভিযোগ মতামত ও ,আইডিয়াসমূহ যাচাই-বাছাই ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | ১. সি. সহসচিব ., গ্রহণ , বিতরণ ও সেবা শাখা, বিএফআইডি<br>২. উপসচিব, বাজেট/ আইসিটি সেল, বিএফআইডি,<br>৩. সকল দপ্তর/সংস্থা |
| ৪ | দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৭” এবং কর্মমূল্যায়ন প্রতিবেদন ২০১৬ প্রস্তুত করে স্ব স্ব প্রতিষ্ঠানের ইনোভেশন কর্নারে প্রদর্শন করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৫ | দপ্তর ও সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স কারিকুলামে/দপ্তর ও সংস্থার আওতায় পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহে ‘নাগরিক সেবায় উদ্ভাবন’ বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করে এ বিভাগকে অবহিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| ৬ | সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে ইনোভেশন কর্নার নামে একটি ব্লগ সংযোজন করতে হবে এবং উক্ত ব্লগে ইনোভেশন বিষয়ক তথ্য, কর্মপরিকল্পনা, নীতিমালা, ইত্যাদি প্রদর্শন করতে হবে। ইনোভেশন কর্নারে আইডিয়া প্রদান ও ফিডব্যাকের ব্যবস্থা রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৭ | সকল দপ্তর/সংস্থা স্ব স্ব অফিসিয়াল ফেসবুক পেজ চালু করে এ বিভাগকে অবহিত করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৮ | সকল দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যগণ Public Service Innovation Bangladesh ফেসবুক পেজের সাথে সংযুক্ত হবে এবং নিজস্ব ইনোভেশনসমূহ পোস্ট করবে। | সকল দপ্তর/সংস্থা এবং ইনোভেশন টিমের সদস্যগণ |
| ৯ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে প্রনোদনা প্রদানের জন্য বাজেটে বরাদ্দ রাখা হয়েছে এবং পুরস্কার হিসেবে ডিও লেটার ও স্বীকৃতি পত্র প্রদান করা হবে। তাছাড়া, বিদেশ প্রশিক্ষণসহ অন্যান্য প্রণোদনা প্রদান করা যেতে পারে। বিদেশ প্রশিক্ষণের জন্য কর্মকর্তা প্রেরণের নিমিত্ত সচিব মহোদয়ের নিকট প্রস্তাব পেশ করতে হবে। | উপসচিব (বাজেট) ও ইনোভেশন টিমের সদস্যগণ |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ২৯.০১.২০১৭
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৭-২৭ তারিখ: ১৫.০২.২০১৭

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুশারে নয়):</u>

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালকও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/ বাকৃবি/রাকাব/ আনসার-ভিডিপি/ বিডিবিএল/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
১১. পরিচালক, বাংলাদেশ ইন্সিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৩. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৪. জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৫. জনাব মোঃ ফিরোজ উদ্দিন খলিফা, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৬. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

অ.পৃ.দ্র.

<u>অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :</u>

১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাক্ষরিত/- ১৫.০২.২০১৭
(মোহাম্মদ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৯১০৯